

ার্ট্র নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমূহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (১৭১) বড় যুলুম ও ছোট যুলুমের উদাহরণ দিন?

উত্তরঃ বড় যুলুমের উদাহরণ হচ্ছে যা আল্লাহ্ তাআলা কুরআন মজীদে উল্লেখ করেছেন। আল্লাহ্ তাআলা বলেনঃ وَلاَ تَدْعُ مِنْ دُونِ اللَّهِ مَا لاَ يَنْفَعُكَ وَلاَ يَضُرُّكَ فَإِنْ فَعَلْتَ فَإِنَّ فَعَلْتَ فَإِنَّ فَعَلْتَ فَإِنَّ فَعَلْتَ فَإِنَّ فَعَلْتَ فَإِنَّ

"আর আল্লাহকে ছেড়ে এমন কিছুকে আহবান করো না, যা না তোমার উপকার করতে পারে না কোন ক্ষতি করতে পারে। তুমি যদি এরূপ কর, তবে তুমি যালেমদের অন্তর্ভূক্ত হবে"। (সূরা ইউনুসঃ ১০৬) আল্লাহ্ তাআ'লা বলেনঃ

إِنَّ الشِّرْكَ لَظُلْمٌ عَظِيمٌ

"নিশ্চয় শির্ক একটি মহা জুলুম"। (লোকমানঃ ১৩) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

إِنَّهُ مَنْ يُشْرِكْ بِاللَّهِ فَقَدْ حَرَّمَ اللَّهُ عَلَيْهِ الْجَنَّةَ وَمَأْوَاهُ النَّارُ وَمَا لِلظَّالِمِينَ مِنْ أَنْصَارٍ

"নিশ্চয় যে ব্যক্তি আল্লাহর সাথে শরীক করবে তার জন্য আল্লাহ জান্নাত হারাম করে দিবেন, তার স্থান হবে জাহানাম, আর (এ সমস্ত) যালিমদের জন্য কোন সাহায্য কারী থাকবে না"। (সূরা মায়েদাঃ ৭২) আর ছোট যুলুমের ব্যাপারে আল্লাহ্ তাআলা সূরা তালাকের মধ্যে বলেনঃ

وَاتَّقُوا اللَّهَ رَبَّكُمْ لاَ تُخْرِجُوهُنَّ مِنْ بُيُوتِهِنَّ وَلاَ يَخْرُجْنَ إِلاَّ أَنْ يَأْتِينَ بِفَاحِشَةٍ مُبَيِّنَةٍ وَتِلْكَ حُدُودُ اللَّهِ وَمَنْ يَتَعَدَّ حُدُودَ اللَّهِ فَقَدْ ظَلَمَ نَفْسَهُ

"আর তোমরা তোমাদের প্রতিপালক আল্লাহকে ভয় কর। তোমরা তাদেরকে তাদের বাসগৃহ থেকে বের করে দিও না এবং তারাও যেন বের না হয়। তবে তারা যদি প্রকাশ্য অশ্লীলতায় লিপ্ত হয়, তাহলে ভিন্ন কথা। আর যে ব্যক্তি আল্লাহর বিধান লজ্ঘন করে, সে নিজের উপরই যুলুম করে"। (সূরা তালাকঃ ১) আল্লাহ্ তাআ'লা আরও বলেনঃ

وَلاَ تُمْسِكُوهُنَّ صِرَارًا لِتَعْتَدُوا وَمَنْ يَفْعَلْ ذَلِكَ فَقَدْ ظَلَمَ نَفْسَهُ

"এবং তাদেরকে যন্ত্রনা দেয়ার জন্যে আবদ্ধ করে রেখো না, তাহলে সীমা লঙ্ঘন করবে। আর যে ব্যক্তি এরকম করে, সে নিশ্চয়ই নিজের উপর যুলুম করে থাকে"। (সূরা বাকারাঃ ২৩১)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11985

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন